

উন্নয়নের অক্সিজেন রাজস্ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

জনকল্যাণে রাজস্ব


প্রেস বিজ্ঞপ্তি: ঢাকা, ০১ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ

“আয়কর রিটার্ন ফরম পূরণের নির্দেশিকা” প্রকাশ করেছে জাতীয় রাজস্ব বোর্ড

২০১৬-২০১৭ অর্থবছরের ব্যক্তি শ্রেণীর সম্মানিত করদাতাদের রিটার্ন দাখিলের সুবিধার্থে ‘আয়কর রিটার্ন ফরম পূরণের নির্দেশিকা’ প্রকাশ করেছে জাতীয় রাজস্ব বোর্ড। এর মাধ্যমে সম্মানিত করদাতাগণ সহজভাবে তাঁদের রিটার্ন দাখিলের ক্ষেত্রে কর ব্যবস্থার মৌলিক বিষয়াদি সম্পর্কে ধারণা পাবেন। পাশাপাশি করদাতাগণ নিজেই তাঁর রিটার্ন ফরম পূরণ ও প্রদেয় কর পরিশোধ করতে পারবেন। সম্মানিত করদাতাগণ এবং আগ্রহী সংশ্লিষ্ট অংশীজনদের সুবিধার্থে ‘আয়কর রিটার্ন ফরম পূরণের নির্দেশিকা’ জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট <http://www.nbr.gov.bd>-তে আপলোড করা হয়েছে। এছাড়া, জাতীয় রাজস্ব বোর্ডের http://nbr.gov.bd/tax/return_fillup_guideline.pdf লিংক থেকে ‘আয়কর রিটার্ন ফরম পূরণের নির্দেশিকা’ টি ডাউনলোড করা যাচ্ছে।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মো. নজিবুর রহমান বলেন, “কর আইনের বিধানসমূহ সহজভাবে সম্মানিত করদাতাদের নিকট তুলে ধরা করসেবার অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ। সে লক্ষ্যে করদাতাদের রিটার্ন দাখিলের সুবিধার বিষয়টি সর্বোচ্চ বিবেচনা করে জাতীয় রাজস্ব বোর্ড প্রতি বছরের মতো এবারও ‘আয়করের রিটার্ন ফরম পূরণ নির্দেশিকা’ প্রকাশ করেছে। এ নির্দেশিকায় করদাতাগণ কর ব্যবস্থার মৌলিক বিষয়াদি যেমন কর নিবন্ধন, আয়কর রিটার্ন ফরম পূরণ, মোট আয় নিরূপণ, করদায় পরিগণনাসহ কর পরিপালন- সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ সকল বিষয় সম্পর্কে ধারণা পাওয়ার পাশাপাশি নির্দেশিকাটি অনুসরণের মাধ্যমে করদাতাগণ নিজেই তাঁর রিটার্ন পূরণ ও প্রদেয় কর পরিশোধ করতে সক্ষম হবেন বলে দৃঢ়ভাবে আশা করছি”।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।


(সৈয়দ এ মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ

বার্তা সম্পাদক

সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া